তোমরা জাযিরাতুল আরবে যূদ্ধ করবে, আল্লাহ তা বিজিত করে দিবেন। অতঃপর পারস্যবাসীদের সাথে যুদ্ধ করবে, আল্লাহ তাও বিজিত করে দিবেন। এরপর রোমীয়দের সাথে যুদ্ধ করবে, আল্লাহ তা‘আলা এতেও তোমাদের বিজয়ী করবেন। অবশেষে তোমরা দাজ্জালের সাথে যুদ্ধ করবে। এখানেও আল্লাহ তা‘আলা তোমাদেরকে বিজয়ী করবেন।

নাফে‘ ইবন ‘উতবাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, কোন এক যুদ্ধে আমরা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম। তখন পশ্চিম দিক থেকে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কাছে একদল লোক আসল। তাদের গায়ে ছিল পশমের কাপড়। তারা এক টিলার নিকট এসে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাথে সাক্ষাৎ করলো। এ সময় তারা ছিল দণ্ডায়মান এবং রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ছিলেন উপবিষ্ট। আমার মন তখন আমাকে বলল, তুমি যাও এবং তাদের ও রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের মাঝে গিয়ে দাঁড়াও, যেন তারা প্রতারণা করে তাকে হত্যা করতে না পারে। পুনরায় আবার আমার মনে আসল, সম্ভবত তিনি তাদের সাথে কোন গোপন আলাপ করছেন। তথাপিও আমি গেলাম এবং তাদের ও রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের মধ্যখানে দাঁড়িয়ে রইলাম। এ সময় আমি তার থেকে চারটি কথা মুখস্থ করলাম এবং এ কথাগুলো আমি হাত দ্বারা গণনা করতে পারি। তিনি বললেন, “তোমরা জাযিরাতুল আরবে যূদ্ধ করবে, আল্লাহ তা বিজিত করে দিবেন। অতপর পারস্যবাসীদের সাথে যুদ্ধ করবে, আল্লাহ তাও বিজিত করে দিবেন। এরপর রোমীয়দের সাথে যুদ্ধ করবে,
আল্লাহ তা‘আলা এতেও তোমাদের বিজয়ী করবেন। অবশেষে তোমরা দাজ্জালের সাথে যুদ্ধ
করবে। এখানেও আল্লাহ তা‘আলা তোমাদেরকে বিজয়ী করবেন।” বর্ণনাকারী নাফে‘ (ইবন ‘উতবাহ) বলেন, হে জাবির! আমাদের ধারণা রোম বিজয়ের পর দাজ্জালের আবির্ভাব হবে।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

সাহাবী নাফে‘ ইবন ‘উতবাহ রাদিয়াল্লাহু ‘আনহু ঘটনা বর্ণনা করেন যে, তিনি এক যুদ্ধে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলেন। তখন পশ্চিম দিক থেকে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কাছে একদল লোক আসল। তাদের গায়ে ছিল পশমের কাপড়। তখন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম একটি উচু টিলায় বসা ছিলেন। এসময় তারা ছিল দণ্ডায়মান এবং রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ছিলেন উপবিষ্ট। তখন নাফে‘ রাদিয়াল্লাহু ‘আনহু মনে মনে বললেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে ওসব অপরিচিত মানুষের মাঝে একা রেখে যেওনা। তুমি সেখানে যাও এবং তাদের মাঝে গিয়ে দাঁড়াও, যেন তারা প্রতারণা করে তাঁকে হত্যা করতে না পারে। ফলে কেউ তাদেরকে দেখবে না। পুনরায় তিনি মনে মনে বললেন, সম্ভবত তিনি তাদের সাথে কোন গোপন কথাবার্তা বলছেন যা তিনি কাউকে জানাতে চান না। তথাপিও তিনি সেখানে গেলেন এবং তাদের ও রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের মধ্যখানে দাঁড়িয়ে রইলেন। নাফে‘ বলেন, এ সময় আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের থেকে চারটি কথা মুখস্থ করলাম এবং কথাগুলো আমি হাত দ্বারা গণনা করতে পারি। তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, তাঁর পরে মুসলিমরা

আরবে কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ করবে, আল্লাহ তা বিজিত করে দিবেন। ফলে সকল আরব ইসলামে প্রবেশ করবে। তখন জাযিরাতুল আরব পুরোটাই মুসলিম শাসনের অধীনস্থ হবে। অতপর তিনি সংবাদ দিয়েছেন যে, তারা পারস্যবাসীদের সাথে যুদ্ধ করবে, তারা তাদের উপর বিজয় লাভ করবে। পুরো পারস্য মুসলিমগণ বিজয় করবে। এরপর রোমীয়দের সাথে যুদ্ধ করবে, আল্লাহ তা‘আলা এতেও তাদেরকে বিজয়ী করবেন। অবশেষে তারা দাজ্জালের সাথে যুদ্ধ করবে। এখানে আল্লাহ তা‘আলা দাজ্জালকে পরাজিত করে মুসলিমকে বিজয়ী করবেন।” অতপর বর্ণনাকারী নাফে‘ জাবির ইবন সামুরাহকে বলেন, হে জাবির! আমাদের ধারণা রোম বিজয়ের পর দাজ্জালের আবির্ভাব হবে। উপরোক্ত সমস্ত ভবিষ্যৎবাণী সংঘটিত হয়ে গেছে, শুধু দাজ্জালকে হত্যা করা বাকী আছে। আর কিয়ামত সংঘটিত হওয়ার পূর্বে তা সংঘটিত হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/11219